**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# পানি সম্পদ অবকাঠামো প্রকল্পের অর্থায়নের জন্য গভর্নর হোকলের 189 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

## *প্রকল্পগুলো রাজধানী অঞ্চল, সেন্ট্রাল NY, মিড-হাডসন, লং আইল্যান্ড, মোহাক ভ্যালি, নিউ ইয়র্ক সিটি, নর্থ কান্ট্রি ও সাদার্ন টিয়ার অঞ্চলে অবস্থিত:*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation)-এর পরিচালনা বোর্ড গুরুত্বপূর্ণ বর্জ্যপানি ও সুপেয় পানির অবকাঠামো প্রকল্পের জন্য নয়টি মিউনিসিপ্যালিটি ও সরকারি কর্তৃপক্ষের জন্য 189 মিলিয়ন ডলারেরও বেশি তহবিল অনুমোদন করেছে। বোর্ডের অনুমোদিত এই তহবিলের মধ্যে স্বল্প-মেয়াদী অর্থায়ন এবং পূর্বে ঘোষিত অনুদান অন্তর্ভুক্ত রয়েছে যা কমিউনিটিগুলোকে তাদের প্রকল্পগুলো শুরু করার জন্য প্রয়োজনীয় মূলধনের অ্যাক্সেস পাওয়ার সুযোগ করে দেবে, এবং একই সাথে মিউনিসিপ্যালিটির উপর ঋণের বোঝা কমাতে এবং করদাতাদের ডলার সাশ্রয়ে সাহায্য করতে একটি বিদ্যমান প্রকল্পে ত্রিশ বছর পর্যন্ত পুনঃঅর্থায়ন করবে এমন একটি দীর্ঘমেয়াদী ঋণ রূপান্তরও অন্তর্ভুক্ত রয়েছে।

"আমাদের অবকাঠামোর স্থায়িত্ব শক্তিশালীকরণ এবং নিউ ইয়র্কবাসীদের নির্মল সুপেয় পানির অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমাদের ওয়াটার সিস্টেমগুলোর আধুনিকায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল**। "স্টেটজুড়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ পানি সম্পদ অবকাঠামো প্রকল্পগুলোকে অগ্রাধিকার দিতে পেরে আমার প্রশাসন গর্বিত, এবং এই তহবিল স্থানীয় কর্তৃপক্ষকে পুরোনো হয়ে যাওয়া পানি ও বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি সংস্কার করতে সাহায্য করবে, যা পরিষ্কার পানির অ্যাক্সেস সম্প্রসারণ করবে এবং জনস্বাস্থ্যের উন্নতি করবে।"

**এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের প্রেসিডেন্ট ও CEO মরিন এ. কোলম্যান বলেন,** "এসব তহবিল আমাদের স্টেটজুড়ে সুপেয় পানি ও বর্জ্যপানির প্রকল্পসমূহ নির্মাণ সম্ভব করে করবে। পানির গুণমান রক্ষার বিষয়টিকে অগ্রাধিকার দেয়ায়, এবং পরিবেশ সুরক্ষিত রাখবে এবং জনস্বাস্থ্য ও আমাদের অর্থনীতির সুস্থতা উভয়টি বৃদ্ধি করার মাধ্যমে, কমিউনিটির জন্য ব্যাপক সুফল বয়ে আনবে এমন গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করতে আমাদের স্থানীয় সরকারের অংশীদারদের সাহায্য করায় EFC গভর্নর হোকলকে ধন্যবাদ জানায়।"

**পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের বোর্ডের সভাপতি বাসিল সেগোস বলেন,** "গভর্নর হোকল আমাদের কমিউনিটিগুলোর জন্য বর্তমানে পরিষ্কার পানি সুরক্ষিত রাখার জন্য এবং ভবিষ্যতের পরিবেশগত হুমকি মোকাবেলা করে টিকে থাকতে পারবে এমন মজবুত অবকাঠামো নির্মাণের জন্য এই অতি গুরুত্বপূর্ণ স্টেট তহবিলকে সহায়তা করা ও অগ্রাধিকার দেয়া অব্যাহত রেখেছেন। নিউ ইয়র্কের পুরোনো হয়ে যাওয়া সুপেয় ও বর্জ্যপানির অবকাঠামো ব্যবস্থাকে প্রতিস্থাপন ও শক্তিশালীকরণের জন্য সাহায্য করতে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন এবং স্টেটজুড়ে কমিউনিটিগুলোর সাথে অংশীদার হতে পেরে DEC গর্বিত।"

**স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন,** "সুপেয় পানির মান রক্ষার জন্য হুমকি হয়ে উঠা নতুনভাবে-নিয়ন্ত্রিত উদীয়মান দূষণকারী পদার্থগুলো সামাল দেয়ার জন্য এসব উল্লেখযোগ্য আর্থিক অঙ্গীকার এবং যথাযথভাবে বর্জ্যপানি অপসারণ নিশ্চিত করাটা অধিকতর সুস্থ কমিউনিটি গড়ে তুলছে এবং সব নিউ ইয়র্কবাসীর সুস্থতার উন্নতি ঘটাচ্ছে। পুরোনো হয়ে যাওয়া পানি সরবরাহ ও সেপটিক ব্যবস্থা আপগ্রেড ও আধুনিকায়ন করার জন্য কমিউনিটিগুলোর কাজে এই সহায়তা প্রদান করতে পেরে আমরা আনন্দিত।"

বোর্ডের অনুমোদনগুলোর মধ্যে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund, CWSRF) এবং ড্রিঙ্কিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Drinking Water State Revolving Fund, DWSRF) এবং পানি-সম্পদ অবকাঠামো উন্নয়ন আইন (Water Infrastructure Improvement Act, WIIA) অনুযায়ী ইতোমধ্যে ঘোষণা করা অনুদানগুলো অন্তর্ভুক্ত রয়েছে। জলের অবকাঠামোর অর্থায়নের সুযোগগুলির ব্যাপারে আরো জানতে EFC-র ওয়েবসাইটে যান।

## অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পসমূহের অর্থায়ন:

- ওসওয়েগো কাউন্টির কনস্ট্যান্টিয়া টাউন - কনস্ট্যান্টিয়া-বার্নহার্ডস বে সিউয়ার ডিস্ট্রিক্টের পরিকল্পনা, নকশা ও নির্মাণের জন্য এবং ক্লিভল্যান্ড ভিলেজের বর্জ্যপানির ট্রিটমেন্ট প্লান্ট (Village of Cleveland Wastewater Treatment Plant) সম্প্রসারণের জন্য 5,000,000 ডলারের WIIA অনুদান, 15,400,000 ডলারের স্বল্প-মেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন এবং 15,600,000 ডলারের স্বল্প-মেয়াদী, বাজার দরে অর্থায়ন।
- ডাচেস কাউন্টির ফিশকিল ভিলেজ - বর্জ্যপানির ট্রিটমেন্ট প্লান্ট আপগ্রেড, পাম্প স্টেশন আপগ্রেড, এবং একটি নতুন ফোর্স মেইন স্থাপনের জন্য 4,125,000 ডলারের WIIA অনুদান এবং 17,375,000 ডলারের স্বল্প-মেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন।
- লুইস কাউন্টির লোভিল ভিলেজ - বর্জ্যপানির ট্রিটমেন্ট উন্নয়নের জন্য 1,017,000 ডলারের WIIA অনুদান, 2,709,750 ডলারের WIIA অনুদান, 2,806,628 ডলারের স্বল্প-মেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন এবং 5,041,250 ডলারের স্বল্প-মেয়াদী, বাজার দরে অর্থায়ন।
- ওনেইডা কাউন্টির রোম সিটি - অ্যানেরোবিক ডাইজেস্টর উন্নয়নের জন্য 2,160,300 ডলারের দীর্ঘমেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন।

## অনুমোদিত পান করার জলের প্রকল্পসমূহ:

- অরেঞ্জ কাউন্টির ফ্লোরিডা ভিলেজ - ফিলট্রেশন সিস্টেম আপগ্রেডের জন্য 3,000,000 ডলারের WIIA অনুদান এবং 2,290,000 ডলারের স্বল্প-মেয়াদী, বাজার-দরে অর্থায়ন।
- ওয়াশিংটন কাউন্টির ফোর্ট এডওয়ার্ড ভিলেজ - আনুমানিক 7,650 লিনিয়ার ফুট পুরোনো ও ক্ষয়প্রাপ্ত ওয়াটারমেইন প্রতিস্থাপন, একটি 200,000-গ্যালন ধারণক্ষমতার পানি সংরক্ষণের ট্যাংক প্রতিস্থাপন এবং বিদ্যমান বুস্টার পাম্প স্টেশন আপগ্রেড করার জন্য 2,766,698 ডলারের WIIA অনুদান এবং 1,844,466 ডলারের স্বল্প-মেয়াদী, বাজার-দরে অর্থায়ন।
- ডেলাওয়ার কাউন্টির হোবার্ট ভিলেজ - দুইটি নতুন পানি সরবরাহ করার কূপ নির্মাণ, বিদ্যমান ফিল্টার পাম্পগুলো প্রতিস্থাপন, আয়রন/ম্যাঙ্গানিজ ফিল্টার মিডিয়া প্রতিস্থাপন, এবং ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট প্রক্রিয়ার পাইপিং আপগ্রেড করার জন্য 473,400 ডলারের DWSRF অনুদান এবং 315,600 ডলারের স্বল্প-মেয়াদী, সুদ-মুক্ত অর্থায়ন।
- নাসাউ কাউন্টির ম্যানহ্যাসেট-লেকভিল ওয়াটার ডিস্ট্রিক্ট - সিয়ারিংটাউন রোড প্লান্ট নং 1-এর দুইটি কূপ থেকে উদীয়মান দূষণকারী পদার্থগুলো সরানোর জন্য একটি নতুন উন্নত জারণ প্রক্রিয়ায় ট্রিটমেন্ট পদ্ধতি এবং দানাদার সক্রিয় কার্বন কনটাক্টর স্থাপনের জন্য 7,476,600 ডলারের WIIA অনুদান।
- নিউ ইয়র্ক সিটির মিউনিসিপ্যাল পানি-সম্পদ অর্থায়ন কর্তৃপক্ষ (New York City Municipal Water Finance Authority) - ক্রোটন ওয়াটার ফিল্ট্রেশন প্লান্ট (Croton Water Filtration Plant) ও সংশ্লিষ্ট ফ্যাসিলিটিগুলোর নকশা ও নির্মাণের জন্য 100,000,000 ডলারের স্বল্প-মেয়াদী, বাজার দরের অর্থায়ন (ধাপ 15)।

## স্থানীয় সরকারগুলোকে ক্লিন ওয়াটারশেডস নিডস (Clean Watersheds Needs) জরিপে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে

EFC পৌরসভাগুলিকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) ক্লিন ওয়াটারশেডস নিডস সার্ভেতে (Clean Watersheds Needs Survey, CWNS) অংশগ্রহণ করার জন্য অনুরোধ করছে, যেটি EFC নিউ ইয়র্কে 1 মার্চ থেকে শুরু হয়েছিল। এতে অংশগ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি ভবিষ্যতের পরিষ্কার পানির অবকাঠামো প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করতে নিউ ইয়র্ক স্টেটকে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড থেকে কী পরিমাণ ডলার বরাদ্দ দেয়া হবে তাতে প্রভাব ফেলতে পারে। পৌরসভাগুলিকে EPA-তে জমা করার জন্য তাদের সম্প্রদায়ের বর্জ্য জলের পরিকাঠামোর চাহিদাগুলি নথিভুক্ত করতে বলা হচ্ছে। কাগজপত্র জমা দেয়ার জন্য এবং জমাদানের ব্যাপারে সহায়ক সংস্থানগুলোর জন্য www.efc.ny.gov/needs ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন